

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd




নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১৫০.২১-১৩০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭  
১১ মার্চ ২০২১

বিষয়: সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীদের কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে অবিলম্বে নিবন্ধন ও ভ্যাকসিন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে সকল শিক্ষক-কর্মচারীকে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে ইতোমধ্যে সুরক্ষা ওয়েবসাইটে (www.surokha.gov.bd) 'শিক্ষা প্রতিষ্ঠান' নামে একটি ক্যাটাগরি অন্তর্ভুক্ত করে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীদের NID আপলোড করা হয়েছে। এখন ৪০ বছরের নীচের শিক্ষক-কর্মচারীরাও সুরক্ষা ওয়েবসাইটে ঢুকে 'কোভিড-১৯ ভ্যাকসিন নিবন্ধন ফরম' পূরণ করে নিজ নিজ NID দিয়ে নিবন্ধন করতে পারবেন। 'শিক্ষা প্রতিষ্ঠান' ক্যাটাগরিতে 'শিক্ষক' এবং 'কর্মকর্তা-কর্মচারীবৃন্দ' নামে ২টি সাব-কলাম রয়েছে।

০২। এমতাবস্থায়, 'শিক্ষা প্রতিষ্ঠান' ক্যাটাগরিতে যার জন্য যেটা প্রযোজ্য সেটাতে নিবন্ধনপূর্বক সকল শিক্ষক-কর্মচারীকে অবিলম্বে 'কোভিড-১৯ ভ্যাকসিন' গ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোমিনুর রশিদ আমিন  
অতিরিক্ত সচিব  
ফোন: ৯৫৪০৯০

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড (সকল)।

ইমেইল: addsec\_secondary2@moedu.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অফিস কপি।